নবম অধ্যায়

■ নীচের বাক্সের ভিতরের ই-কার (ি) যোগ করা শব্দগুলো বেছে নিয়ে শূন্যস্থানগুলি পূরণ করো ঃ

গতি	দান	বাস	করি	যদি
হিম	বাঘ	মিনি	ভিড়	ভাষা
চিনি	কাকা	চিল	ধান	মালা

গ তি, ক রি, য দি, হি ম,

চি নি, মি নি, ভি ড়, চি ল।

■ নীচের বাক্সের ভিতরের ঈ-কার (ী) যোগ করা শব্দগুলো বেছে নিয়ে শূন্যস্থানগুলি পূরণ করো ঃ



নদী	দিন	বন	বল	শীত
দধি	কীট	দীন	ফণী	গতি
ধীর	করি	জয়ী	মিনি	বীজ

ন দী, শী ত, কী ট, ফ ণী

ধী র, জ য়ী, বী জ, দী ন।

Scanned with CamScanner

নীচের অংশটি ভালো করে পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ

আমার নাম কণিকা।

আমি লেখাপড়া করি।

অবসর সময় টিভি দেখি।

মাঝে মাঝে রেডিয়ো শুনি।

আমি শীতকাল ভালোবাসি।

দীপ আমার ভাই।

সে এখনও কথা শেখেনি।

হাততালি দিয়ে আর হি-হি করে হাসে।

নদীর শীতল জল।

তার রং নীল।

নদীর তীরে দাঁড়িয়ে আছে বক।

পাড়ে সারি সারি গাছ।

Scanned with CamScanner

প্রশ্ন : কণিকা কী করে?

উত্তর : লেখাপড়া

প্রশ্ন : কণিকা অবসর সময় কী করে?

উত্তর : টিভি দেখে

প্রশ্ন : কণিকা মাঝে মাঝে কী শোনে?

উত্তর : রেডিয়ো

প্রশ্ন : কণিকা কোন্ সময়টাকে ভালোবাসে?

উত্তর : শীতকাল

প্রশ্ন : কণিকার ভাইয়ের নাম কী?

উত্তর : দীপ

প্রশ্ন : কণিকার ভাই কী কথা শিখেছে?

উত্তর : না

প্রশ্ন : কণিকার ভাই কী করে?

উত্তর : হাততালি দিয়ে হিহি করে হাসে

প্রশ্ন : নদীর জল কেমন?

উত্তর : শীতল

প্রশ্ন : নদীর তীরে দাঁড়িয়ে আছে কে?

উত্তর : বক

প্রশ্ন : নদীর পাড়ে কী আছে?

উত্তর : সারি সারি গাছ

Scanned with CamScanner

দশম অধ্যায়

বদ্যি বুড়ি



শুনছো দাদা! ওই হোথায়
বদ্যি বুড়ি থাকে,
সে নাকি রোজ খাবার সময়
হাত দিয়ে ভাত মাখে?
শুনছি নাকি খিদেও পায়
সারাদিন না খেলে?
চক্ষু নাকি আপনি বোজে
ঘুমটি তেমন পেলে?

—সুকুমার রায়

■ **নীচের বাক্সের ভিতরের 'উ'-কার (ু) যোগ করা শব্দগুলো বেছে নিয়ে শূন্যস্থানগুলি পূরণ করো ঃ**

মধু	চুল	রানি	বন	ঝুল
লঘু	বাবা	বুক	শীত	দুল
ধাতু	দাদা	দুধ	দীন	ধার

ম ...ধু..., ...চু... ল, ...দু... ল, ল ...মু...,
...বু... ক, ...ঝু... ল, ...ধা... তু, ...দু... ধ।

Scanned with CamScanner

■ নীচের বাক্সের ভিতরের 'ঊ'-কার (ূ) যোগ করা শব্দগুলো বেছে নিয়ে শূন্যস্থানগুলি পূরণ করো ঃ

ময়ূর	ধূম	মধু	সুখ	বুক
কটু	কুল	লঘু	কূপ	ঋতু
ভূত	চুল	ভুল	মধু	শূল
দূর	তূণ	ফুল	ঝুল	নূতন



ম ময় র, ... ম, কূ প, ভূ ত,

দূ র, শূ ল, তূ ণ, নূ তন।

■ নীচের অংশটি ভালো করে পড়ে নিয়ে প্রশ্নের উত্তর দাও ঃ

আজ আমাদের ছুটি
মুমু, খুকু, ঝুমা চল,
বুড়ির মাঠে যাই।
সেখানে আমরা হাডুডু খেলব।
বুড়ির মাঠে ঘুড়ি ওড়ে অনেক।

পাহাড়ের চূড়া অনেক দূর
চল নতুন জামা পরে সেখানে যাই।
মুমুর পায়ে নূপুর বাঁধা
নূপুরের আওয়াজে ময়ূর নেচে ওঠে।

Scanned with CamScanner

প্রশ্ন : আজ তোমাদের কী?

উত্তর : ছুটি

প্রশ্ন : মুমু, খুকু, ঝুমা কোথায় যাবে?

উত্তর : বুড়ির মাঠে

প্রশ্ন : বুড়ির মাঠে গিয়ে কী খেলবে?

উত্তর : হাডুডু

প্রশ্ন : বুড়ির মাঠে অনেক কী ওড়ে?

উত্তর : ঘুড়ি

প্রশ্ন : পাহাড়ের চূড়া কোথায়?

উত্তর : অনেক দূর



প্রশ্ন : কী জামা পরে সেখানে যাবে?

উত্তর : নতুন জামা

প্রশ্ন : মুমুর পায়ে কী বাঁধা?

উত্তর : নূপুর

প্রশ্ন : নূপুরের আওয়াজে কে নেচে ওঠে?

উত্তর : ময়ূর

Scanned with CamScanner

একাদশ অধ্যায়

ময়না

ও পাড়ার ময়না
কেন কথা কয়না
জানলাম ইতিহাস ঘেঁটে
ভুল করে একদিন
খেয়েছিল আলপিন
সেই থেকে গলা গেছে এঁটে।

—প্রেমেন্দ্র মিত্র

নীচের বাক্সের ভিতরের 'ঋ'-কার (ৃ) যোগ করা শব্দগুলো বেছে নিয়ে শূন্যস্থান পূরণ করো ঃ

গৃহ	ভূত	মধু	বৃষ	ঘৃত
মৃগ	ফুল	দৃঢ়	ভুল	ঝুল
ধৃত	মূল	দূর	কটু	নূতন
তৃণ	ধূম	সুখ	মুখ	কৃপণ

গৃ..... হ, মৃ..... গ, বৃ..... ষ, ঘৃ..... ত,

মৃ..... ত, তৃ..... ণ, দৃ..... ঢ়, কৃ..... পণ।

Scanned with CamScanner



নীচের অংশটি ভালো করে পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ

ভৃগুর দাদু নৃপেনবাবু। তিনি সোজা কথা কঠিন করে বলেন। ঘাসকে বলেন তৃণ। হরিণকে বলেন মৃগ। ঘরকে বলেন গৃহ। ঘি-কে বলেন ঘৃত। মনকে বলেন হৃদয়।

ভৃগুর বাবার নাম মৃদুলবাবু। তিনি খুব ভালো লোক। তিনি পৃথিবীর অনেক দেশে গিয়েছেন। তিনি কাউকে ঘৃণা করেন না। তিনি কৃষকদের খুব ভালোবাসেন।

প্রশ্ন : ভৃগুর দাদুর নাম কী?

উত্তর : নৃপেনবাবু

প্রশ্ন : ভৃগুর দাদু সোজা কথাকে কীভাবে বলেন?

উত্তর : কঠিন

Scanned with CamScanner

প্রশ্ন : ভৃগুর দাদু ঘাসকে কী বলেন?

উত্তর : তৃণ

প্রশ্ন : ভৃগুর দাদু হরিণকে কী বলেন?

উত্তর : মৃগ

প্রশ্ন : ভৃগুর দাদু ঘরকে কী বলেন?

উত্তর : গৃহ

প্রশ্ন : ভৃগুর দাদু ঘি-কে কী বলেন?

উত্তর : ঘৃত

প্রশ্ন : ভৃগুর দাদু মনকে কী বলেন?

উত্তর : হৃদয়

প্রশ্ন : ভৃগুর বাবার নাম কী?

উত্তর : মৃদুলবাবু

প্রশ্ন : ভৃগুর বাবা কাউকে কী করেন না?

উত্তর : ঘৃণা

প্রশ্ন : ভৃগুর বাবা কাদের বেশি ভালোবাসেন?

উত্তর : কৃষকদের

Scanned with CamScanner

দ্বাদশ অধ্যায়

ইরাতারা

ইরা ইরা ইরানী
রাঙা মাথায় চিরুনি।
ইরা যাবে তেহরান
ওরা ভেবে হয়রান।
পথ গেল হারিয়ে
গাড়ি গেল ছাড়িয়ে
এলেতোড় বেলেতোড়
মেলেতোড়
পৌঁছল বেলেতোড়।

—অন্নদাশঙ্কর রায়

নীচের বাক্সের ভিতরের 'এ'-কার (ে) যোগ করা শব্দগুলো বেছে নিয়ে শূন্যস্থানগুলি পূরণ করো ঃ

মেঘ	বুক	সুখ	মুখ	বেশ
খেলা	কৃষ	পেট	তৃণ	কৃশ
ফেল	দেশ	বুলা	দেখা	মুমু
চেনা	অজ	খেলা	কেয়া	মৃগ

মে ..... ঘ, বে ..... শ, খে ..... লা, পে ..... ট, ফে ..... ল,
দে ..... শ, বু ..... লা, দে ..... খা, চে ..... না, কে ..... য়া।

Scanned with CamScanner

নীচের অংশটি ভালো করে পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ

আয়েষা একটি মেয়ের নাম। সে খুব ভালো। সে ঘরের কাজ করে। কাজ সেরে লেখাপড়া করে। খেলাধূলোতেও তার খুব নেশা। সে ছড়া বলে খুব ভালো। সময় পেলে টিভিও দেখে। আয়েষার এক ভাই আছে। তার নাম পরেশ। সেও পড়াশোনায় ভালো। পরেশ আঁকেও ভালো। আয়েষা তার ভাইকে খুব ভালোবাসে।

প্রশ্ন : আয়েষা কার নাম?

উত্তর : একটি মেয়ের নাম

প্রশ্ন : আয়েষা কীরকম?

উত্তর : খুব ভালো

প্রশ্ন : আয়েষা কী করে?

উত্তর : ঘরের কাজ

Scanned with CamScanner

প্রশ্ন : আয়েষা ঘরের কাজ সেরে কী করে?

উত্তর : লেখা পড়া

প্রশ্ন : আয়েষার কীসে খুব নেশা?

উত্তর : খেলাধুলোতে

প্রশ্ন : আয়েষা কী বলে ভালো?

উত্তর : ছড়া

প্রশ্ন : আয়েষা সময় পেলে কী করে?

উত্তর : টিভি দেখে।

প্রশ্ন : আয়েষার কয় ভাই আছে?

উত্তর : এক ভাই

প্রশ্ন : আয়েষার ভাইয়ের নাম কী?

উত্তর : পরেশ

প্রশ্ন : আয়েষার ভাই কীসে ভালো?

উত্তর : পড়াশোনায়

প্রশ্ন : আয়েষার ভাই পরেশ পড়াশোনা ছাড়া আর কীসে ভালো?

উত্তর : আঁকায় ভালো।

প্রশ্ন : আয়েষা ভাইকে কী রকম ভালোবাসে?

উত্তর : খুব ভালোবাসে।

Scanned with CamScanner

ত্রয়োদশ অধ্যায়

হাঁটো ভাই

হাঁটো ভাই হাঁটোরে
যেতে হবে নাটোরে
খাটো করে কাটো চুল
দাড়ি-গোঁফ ছাঁটোরে
সে দেশেতে ভাত খেয়ে
চায় সব আঁচাতে
গোয়ালেতে গোরু রাখে
পাখি রাখে খাঁচাতে।

—আশাপূর্ণা দেবী

■ নীচের বাক্সের ভিতরের 'ঐ'-কার (ৈ) যোগ করা শব্দগুলো বেছে নিয়ে শূন্যস্থানগুলি পূরণ করো ঃ

জৈব	বেগ	মেঘ	দৈব	বুক
সুখ	বৈধ	দেব	বন	বল
তৃণ	বৃষ	হৈম	বাবা	বৈকাল
শৈল	জৈল	পৃথিবী	তৈল	রমা

জৈ..... ব, শৈ..... ল, জৈ..... ল, দৈ..... ব,
বৈ..... ধ, তৈ..... ল, হৈ..... ম, বৈ..... কাল।

Scanned with CamScanner

চতুর্দশ অধ্যায়



সুখ

মেঘ কেটে যায়, রোদ্দুর ওঠে,
আধার রাতে জোছনা ফোটে।
সুখ রহে না পথে পড়ে,
সুখ নিতে হয় হাতে গড়ে।
বিলিয়ে দিবি যাকে তাকে,
ভরলে মুঠোয় নাহি থাকে।
তাইরে নারে নাইরে না,
ধুলোর মতো উড়িয়ে দে না
ভরে যাবে বুক,
তাকেই বলে সুখ।

—লীলা মজুমদার

নীচের বাক্সের ভিতরের 'ও'-কার (ো) যোগ করা শব্দগুলো বেছে নিয়ে শূন্যস্থানগুলি পূরণ করো ঃ

মোম	বুক	বেগ	শেখা	শোক
মোট	লোক	খেলা	দেখা	রোগ
বোন	লোভ	পেট	চেনা	গোল
ফেল	দেশ	বেশ	মেঘ	পেশা

মো ..... ম, লো ..... ক, লো ..... ক, লো ..... ভ,

রো ..... গ, বো ..... ন, গো ..... ল, মো ..... ট।

Scanned with CamScanner



নীচের অংশটি ভালো করে পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ

কলকাতা বড়ো শহর। তিনশো বছরের পুরোনো। অনেকে বলে আরো বেশি জব চার্নক নামে এক ইংরেজ বণিক কলকাতা শহর গড়ে তোলেন। কলকাতার লালদিঘি খুব বড়ো দিঘি ছিল। এই দিঘির চারপাশে অনেক অফিস, আদালত শহরের সবচেয়ে বড়ো ডাকঘরটি লালদিঘির মুখোমুখি। ডাকঘরটির নাম জি. পি. ও। কলকাতায় চলে নানারকম যানবাহন। কলকাতার চারদিকে আলোয় আলোকিত।



প্রশ্ন : কলকাতা কীরকম শহর?

উত্তর : বড়ো শহর।

প্রশ্ন : কলকাতা শহর কত বছরের পুরোনো?

উত্তর : তিনশো বছরের

Scanned with CamScanner

প্রশ্ন : কলকাতার বয়স নিয়ে লোকে কী বলে?

উত্তর : তিনশো বছরেরও অনেক বেশী।



প্রশ্ন : কলকাতা শহর কে গড়ে তোলেন?

উত্তর : জব চার্নক নামে এক ইংরেজ বণিক

প্রশ্ন : কলকাতার কোন্ দিঘি খুব বড়ো ছিল?

উত্তর : লাল দিঘি

প্রশ্ন : লালদিঘির চারপাশে কী আছে?

উত্তর : অনেক অফিস, আদালত

প্রশ্ন : শহরের সবচেয়ে বড়ো ডাকঘরটি কার মুখোমুখি?

উত্তর : লালদিঘির মুখোমুখি।

প্রশ্ন : শহরে বড়ো ডাকঘরটির নাম কী?

উত্তর : জি. পি. ও

প্রশ্ন : কলকাতায় নানারকম কী চলে?

উত্তর : যানবাহন।

প্রশ্ন : কলকাতার চারদিক কীরকম?

উত্তর : আলোয় আলোকিত।

Scanned with CamScanner

■ নীচের বাক্সের ভিতরের 'ঔ'-কার (ৌ) যোগ করা শব্দগুলো বেছে নিয়ে শূন্যস্থান পূরণ করো ঃ

মৌন	সোম	গৌর	পোকা	লোক
পৌষ	চোর	কোণ	ভোগ	সোল
ফৌজ	রোগ	সৌধ	মোমো	মৌচাক
নৌকা	বোন	সৌর	মোট	লোভ

মৌ ..... ন, মৌ ..... র, পৌ ..... ষ, ফৌ ..... জ

নৌ ..... কা, সৌ ..... ধ, সৌ ..... র, মৌ ..... চাক

■ নীচের অংশটি ভালো করে পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ

এখন বৈশাখ মাস। গরমকাল। বিকেলবেলা নদীর ধারে সবাই বসে। একটা নৌকা লোকদের নিয়ে নদী পারাপার করছে। হঠাৎ কালবৈশাখী ঝড় উঠল। নৌকা পাড়ের কাছে এসে হঠাৎ কাত হয়ে গেল। ছেলেরা দৌড়ে জলে নামল। সবার আগে দৌড়ে গিয়ে জলে নামল গৌরব। তার পিছু পিছু কৌরব, সৌরভ, ভৈরব, সৈকত ও নৌসাদও গেল। জেলেপাড়া থেকেও ছুটে এল অনেকে। তারা সবাই মিলে ডুবে যাওয়া লোকদের পাড়ে তুলল। তারপর সবাই মিলে নানা কৌশল করে নৌকাটাকে পাড়ে নিয়ে এল।

প্রশ্ন : বৈশাখ মাস কী কাল?

উত্তর : গরমকাল।

প্রশ্ন : বৈশাখ মাসে বিকেলবেলায় কোথায় সবাই বসে?

উত্তর : নদীর ধারে

Scanned with CamScanner

প্রশ্ন : নদীতে নৌকা কী করে?

উত্তর : লোকদের নিয়ে নদী পারাপার করে।



প্রশ্ন : বৈশাখ মাসের ঝড়কে কী বলে?

উত্তর : কালবৈশাখী।

প্রশ্ন : কালবৈশাখী ঝড় ওঠাতে নৌকা কী হল?

উত্তর : পাড়ের কাছে এসে হঠাৎ কাত হয়ে গেল।

প্রশ্ন : নৌকা কাত হয়ে পড়াতে কে প্রথম জলে নামল?

উত্তর : সৌরভ



প্রশ্ন : তারপর কারা পিছু পিছু গেল?

উত্তর : কৌরব, সৌরভ, ভৈরব, সৈকত ও নৌসাদ।

প্রশ্ন : জেলেপাড়া থেকে কারা ছুটে এল?

উত্তর : অনেকে।

প্রশ্ন : সৈকত, ভৈরব, সৌরভ সবাই জলে নেমে কী করল?

উত্তর : ডুবে যাওয়া লোকদের পাড়ে তুলল।



প্রশ্ন : অবশেষে নৌকাকে কী করে পাড়ে আনল?

উত্তর : নানা কৌশল করে।

Scanned with CamScanner

পঞ্চদশ অধ্যায়

সারা বছর

সারা বছর মারি মচ্ছর
এই কলকাতা শহরে
রাত্রি নিঝুম, চোখে নেই ঘুম
এ কী যন্ত্রণা কহরে।

—নীরেন্দ্রনাথ চক্রবর্তী

নীচের বাক্যগুলি ভালো করে পড়ে এককথায় প্রশ্নগুলির উত্তর দাও ঃ

• সবুজ মাঠ	• কালো বিড়াল	• ভালো বই	• দুর্গা ঠাকুর
• বড়ো বাড়ি	• সাদা ফুল	• বাস গাড়ি	• রঙিন পেন্‌সিল
• লাল কলম	• বড়ো জাহাজ	• ছোটো ছেলে	• বাঁকা লাঠি

প্রঃ কী মাঠ? উঃ সবুজ।
প্রঃ কী বিড়াল? উঃ কালো।
প্রঃ কী বই? উঃ ভালো।
প্রঃ কী ঠাকুর? উঃ দুর্গা।
প্রঃ কী বাড়ি? উঃ বড়ো।
প্রঃ কী ফুল? উঃ সাদা।
প্রঃ কী গাড়ি? উঃ বাস।
প্রঃ কী পেন্‌সিল? উঃ রঙিন।
প্রঃ কী কলম? উঃ লাল।
প্রঃ কী জাহাজ? উঃ বড়ো।
প্রঃ কী ছেলে? উঃ ছোটো।
প্রঃ কী লাঠি? উঃ বাঁকা।

Scanned with CamScanner

■ আগের বাক্যগুলি আর একবার পড়ে নিয়ে নীচের বাক্যাংশগুলি রেখা দিয়ে যোগ করো ঃ

সবুজ	লাঠি
কালো	ছেলে
ভালো	জাহাজ
দুর্গা	কলম
বড়ো	পেন্‌সিল
সাদা	মাঠ
বাস	ঠাকুর
রঙিন	ফুল
লাল	বাড়ি
বড়ো	গাড়ি
ছোটো	বই
বাঁকা	বিড়াল

■ নীচের শব্দগুলো দিয়ে ছোটো ছোটো বাক্যরচনা করো ঃ

☞ নরম ঃ ফুলো খুব নরম।

☞ লাল ঃ আমার জামা লাল রং।

☞ দুর্গা ঃ আজ দুর্গা পুজা

☞ সবুজ ঃ গাছের পাতা সবুজ

☞ বিড়াল ঃ আমার কাছে বিড়াল আছে।

☞ ভালো ঃ তুমি খুব ভালো

☞ সাদা ঃ আকাশে সাদা মেঘ

☞ রাম ঃ দাদার নাম রাম

Scanned with CamScanner

ষোড়শ অধ্যায়

ছড়া

নাসিকের সাহেবের
বাহারের নাসিকা
বাঁশি হয়ে বাজে সেটা
লোকে বলে বাঁশিকা।

—সত্যজিৎ রায়

■ নীচের বাক্যগুলি পড়ে ঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দাও ঃ

• বই পড়ো • ইস্কুলে যাও • দুধ খাও • ছবি আঁক • লুডো খেল
• গাড়ি চালাও • ঘুড়ি ওড়াও • গাছ লাগাও

প্রশ্ন	উত্তর					
কী পড়তে বলা হয়েছে?	খাতা	☐	বই	✓	দুধ	☐
কোথায় যেতে বলা হয়েছে?	ইস্কুল	✓	মাঠে	☐	বই	☐
কী খেতে বলা হয়েছে?	দই	☐	জল	☐	দুধ	✓
কী আঁকতে বলা হয়েছে?	মাঠ	☐	দুধ	☐	ছবি	✓
কী খেলতে বলা হয়েছে?	লুডো	✓	বল	☐	বই	☐
কী চালাতে বলা হয়েছে?	খাতা	☐	গাড়ি	✓	সাইকেল	☐
কী ওড়াতে বলা হয়েছে?	বই	☐	দুধ	☐	ঘুড়ি	✓
কী লাগাতে বলা হয়েছে?	বই	☐	ছবি	☐	গাছ	✓

Scanned with CamScanner

সপ্তদশ অধ্যায়

সবুজের দেশ

সবুজে সবুজে ভরে উঠুক দেশ
তাই সবুজের গান গাই,
পরিবেশ হোক দূষণ মুক্ত
এক নতুন পৃথিবী চাই।

—উজ্জ্বলকুমার দাস

নীচের বাক্যগুলি ভালো করে পড়ে 'কী' যোগ করে প্রশ্ন করা শিখতে হবে ঃ

- আমি পড়ি। — আমি কী পড়ি?
- আমি লিখি। — আমি কী লিখি?
- আমি দেখি। — আমি কী দেখি?
- আমি খেলি। — আমি কী খেলি?
- সে বলে। — সে কী বলে?
- তুমি পড়ো। — তুমি কী পড়ো?

নীচের বাক্যগুলিতে 'কী' যোগ করে প্রশ্ন গঠন কর ঃ

- আমি গাই। — আমি .....কী..... গাই?
- আমি বাজাই। — আমি .....কী..... বাজাই?
- আমি আঁকি। — আমি .....কী..... আঁকি?
- তুমি নাচ। — তুমি .....কী..... নাচ?
- সে খায়। — সে .....কী..... খায়?

Scanned with CamScanner

নীচের বাক্যগুলি ভালো করে পড়ে 'কোথায়' যোগ করে প্রশ্ন করা শিখতে হবে ঃ

- আমি পড়ি। — আমি কোথায় পড়ি?
- আমি লিখি। — আমি কোথায় লিখি?
- আমি খেলি। — আমি কোথায় খেলি?
- আমি বসি। — আমি কোথায় বসি?
- সে যায়। — সে কোথায় যায়?

নীচের বাক্যগুলিতে 'কোথায়' যোগ করে প্রশ্ন গঠন করো ঃ

- আমি গাই। — আমি ....কোথায়.... গাই?
- আমি পালাই। — আমি ....কোথায়.... পালাই?
- আমি খাই। — আমি ....কোথায়.... খাই?
- আমি নাচি। — আমি ....কোথায়.... নাচি?
- সে পড়ে। — সে ....কোথায়.... পড়ে?

নীচের বাক্যগুলি ভালো করে পড়ে 'কখন' যোগ করে প্রশ্ন করা শিখতে হবে ঃ

- আমি ইস্কুল যাব। — আমি কখন ইস্কুল যাব?
- আমি টিফিন খাব। — আমি কখন টিফিন খাব?
- আমি গাইতে যাব। — আমি কখন গাইতে যাব?
- আমি বাড়ি যাব। — আমি কখন বাড়ি যাব?

নীচের বাক্যগুলিতে 'কখন' যোগ করে প্রশ্ন গঠন করো ঃ

- রমা গাইবে। — রমা ....কখন.... গাইবে?
- সে আসবে। — সে ....কখন.... আসবে?
- তুমি যাবে। — তুমি ....কখন.... যাবে?
- কিশোর নাচবে। — কিশোর ....কখন.... নাচবে?

Scanned with CamScanner

আমাদের জাতীয় সংগীত

জনগণমন—অধিনায়ক

রবীন্দ্রনাথ ঠাকুর

জনগণমন - অধিনায়ক জয় হে ভারত ভাগ্যবিধাতা।
পঞ্জাব সিন্ধু গুজরাট মারাঠা দ্রাবিড় উৎকল বঙ্গ
বিন্ধ্য-হিমাচল-যমুনা-গঙ্গা উচ্ছল জলধিতরঙ্গ
তব শুভ নামে জাগে, তব শুভ আশিস মাগে,
গাহে তব জয়গাথা
জনগণমঙ্গলদায়ক জয় হে ভারত-ভাগ্যবিধাতা।
জয় হে, জয় হে, জয় হে, জয় জয় জয়, জয় হে।।

Scanned with CamScanner